

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন : ৯১১৯২০৮, ৯১১৪৮৫৮

ব্যবস্থাপনা উপ-কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৪.১২.২০১৮
সভার সময় : পূর্বাহ্ন ১১:০০ ঘটিকা
স্থান : অবসর ভবন সম্মেলন কক্ষ
চেয়ারম্যান : জনাব মোঃ আব্দুল মান্নান

সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (স্বাক্ষরের ক্রমানুসারে)

১. জনাব মোঃ আব্দুল কাইউম ঠাকুর
২. জনাব মোঃ ফজলুল হক
৩. জনাব মোঃ রফিকুল আলম
৪. জনাব জয়নুল আবেদিন
৫. জনাব মোঃ মুজাহিদ কবির

উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক) দেশের বাহিরে থাকায় উপ-কমিটির সদস্য ও সমিতির সহ-সভাপতি জনাব মোঃ আব্দুল মান্নান চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন। তিনি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম পরিচালনা করা হয়।

আলোচ্যসূচী - ০১ : সমিতির ব্যবস্থাপনা উপ-কমিটির বিগত ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

চেয়ারম্যান সমিতির ব্যবস্থাপনা উপ-কমিটির ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীটি সিদ্ধান্তগুলো পাঠ করে শুনানোর জন্য পরিচালক (প্রশাসন)কে অনুরোধ করেন। কার্যবিবরণী পাঠান্তে তিনি সকলের মতামত আহ্বান করলে কার্যবিবরণীটি সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে উপস্থিত সদস্যবৃন্দ অভিমত ব্যক্ত করলে কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচী - ০২ : সমিতির আগামী ০২ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক বনভোজনের ব্যয় বিভাজন ও ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সভায় উল্লেখ করা হয় যে, অত্র সমিতির চাহিদা মোতাবেক মানসম্মত খাবার ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য বিগত বছরের ন্যায় এ বছরও কোনরূপ কোটেশন বিজ্ঞপ্তি প্রচার না করে কয়েকটি খাবার সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে বনভোজনের খাবার, ডেকোরেশন দর প্যাকেজ হিসাবে গ্রহণ করার সিদ্ধান্ত

নেয়া হয়েছে। এতদপ্রেক্ষিতে কয়েকটি প্রতিষ্ঠান হতে মাথাপিছু খরচের দর প্রস্তাব সংগ্রহ করা হয়েছে। এগুলোর বিবরণ নিম্নরূপ :

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কাজের বিবরণ	আনুমানিক ১২০০ জনের জন্য জনপ্রতি উদ্ধৃত দর	মন্তব্য
১.	হাজী মোঃ সেলিম মিয়া বাবুচাঁ বাসা # ভি/৭, নূরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।	ডেকোরেশন ভাড়া, প্যাভেল, বাবুচাঁ/সহকারী, খানসামা, দুপুরের খাবার- পোলাও, মুরগীর রোস্ট, খাশির রেজালা, সবজী, রুই মাছ দোপেয়াজা, দই, মিষ্টি, পানি, কাটা সালাদ, টিস্যু।	৮০০/- (ভ্যাট ও আয়কর ব্যতীত)	
২.	ইকবাল হোসেন ক্যাটারিং সার্ভিস বাড়ি # ১৫/২, রোড # ৬/এ, নবোদয় হাউজিং সোসাইটি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।	ঐ	৮৭০/- (ভ্যাট ও আয়কর ব্যতীত)	
৩.	খোকন ক্যাটারিং এন্ড শুভা ডেকোরেটর হাউজ# বি- ২/১৩ (দোকান নং- ৫), রেডিও কলোনী, জালােশ্বর, সাভার, ঢাকা।	ঐ	৬৮০/- (ভ্যাট ও আয়কর ব্যতীত)	সর্বনিম্ন

উপ-কমিটির চেয়ারম্যান উল্লেখ করেন যে, সংগৃহীত দর প্রস্তাবের মধ্যে “খোকন ক্যাটারিং এন্ড শুভা ডেকোরেটর” এর উদ্ধৃত দর মাথাপিছু ভ্যাট ও আয়কর ব্যতীত টাঃ ৬৮০/- (ছয়শত আশি) সর্বনিম্ন দর দাখিল করা হয়েছে। সভাকে অবহিত করা হয় যে, প্রতিষ্ঠানটি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অগ্রীম হিসেবে প্রদানের অনুরোধ করেছে। বিস্তারিত আলোচনাস্তে “খোকন ক্যাটারিং এন্ড শুভা ডেকোরেটর” উদ্ধৃত দর ৬৮০/- (ছয়শত আশি) টাকা যৌক্তিক মর্মে অভিমত ব্যক্ত করা হয়। এ প্রেক্ষাপটে সর্বনিম্ন দরদাতা হিসেবে “খোকন ক্যাটারিং এন্ড শুভা ডেকোরেটর” এর উদ্ধৃত দর গ্রহণ এবং প্রতিষ্ঠানটিকে অগ্রীম হিসেবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করার সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) অতঃপর বনভোজন সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিগত বছরের ন্যায় কয়েকটি অনু-কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনাস্তে বিগত বছরের ন্যায় এবছরও নিম্নোক্তভাবে কয়েকটি অনু-কমিটি গঠন করা হয় :

(ক) বনভোজন স্পট ব্যবস্থাপনা কমিটি :

১. জনাব মোঃ আবদুল মান্নান
২. জনাব মোঃ ফজলুল হক
৩. জনাব জয়নুল আবেদিন
৪. জনাব মোঃ মুজাহিদ কবির
৫. জনাব মোঃ ফজলে ইলাহী

৬. জনাব মোঃ ওয়ালিউর রহমান

(খ) খাদ্য পরিবেশন ব্যবস্থাপনা কমিটি :

১. জনাব মোঃ মহসীন আলী সরদার (বীর প্রতিক)
২. জনাব মোঃ গোলাম কিবরিয়া
৩. জনাব মোঃ ফজলে ইলাহী
৪. জনাব মোঃ ওয়ালিউর রহমান
৫. জনাব মোঃ শাহ আলম
৬. জনাব মোঃ আমির হোসেন
৭. জনাব মোঃ জালাল উদ্দিন হাওলাদার
৮. জনাব মীর মোঃ লুৎফর রহমান

(গ) সাংস্কৃতিক অনুষ্ঠান ব্যবস্থাপনা কমিটি :

১. জনাব ফেরদৌস পারভীন
২. জনাব কে এম হাসান জামাল
৩. জনাব মোহিনী মোহন চক্রবর্তী
৪. জনাব মোঃ লুৎফর রহমান জোয়ার্দার
৫. জনাব রওশন আরা বেগম
৬. জনাব নাজেরা খাতুন
৭. জনাব মোঃ বিল্লাল হোসেন
৮. জনাব শারমিন আক্তার

(ঘ) র‍্যাফেল ড্র ব্যবস্থাপনা কমিটি :

১. জনাব মোঃ আনিসুজ্জামান
২. জনাব মোহিনী মোহন চক্রবর্তী
৩. জনাব মোঃ আমানউল্লা
৪. জনাব মোঃ শরিফ উদ্দিন খান
৫. জনাব মোঃ আলমগীর
৬. জনাব মোঃ মুকুল হোসেন

(৩) বনভোজনের দিন নিম্নবর্ণিত নিম্নোক্ত আইটেমগুলোর উপর সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত হয় :

(ক) কবিতা আবৃত্তি ও গান (শিশু কিশোরদের জন্য) :

১. গ্রুপ - ক অষ্টম শ্রেণী পর্যন্ত
২. গ্রুপ- খ অষ্টম শ্রেণীর উর্দে

(খ) বয়স্কদের অনুষ্ঠান

১. গান

২. কবিতা

৩. কৌতুক

প্রতি আইটেম ও প্রতি গ্রুপে তিনটি করে পুরস্কার দেয়া হবে।

সভায় বনভোজন অনুষ্ঠানটিকে সুন্দরভাবে উপভোগ করার জন্য একজন সঙ্গীত শিল্পী ও একজন তবলচিকে অনুষ্ঠানে নেওয়ার ব্যবস্থা করার জন্য পরিচালক প্রশাসনকে পরামর্শ প্রদান করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, এজন্য শিল্পী ও তবলচিকে কিছু সম্মানী প্রদান করা যেতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আব্দুল মান্নান)
চেয়ারম্যান
ব্যবস্থাপনা উপ-কমিটি